দৈনিক বাংলা

তারিখ ২৪/৪/৭৮ ... ...
পৃষ্ঠা... ... ... ...কলাম... ... ...

201

## বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের আবেদন

নোয়াখালী জেলার বেগমগঞ্জ থানার ১৪ নং আলাইয়ারপুর ইউনিয়নের জগদীশপুর গ্রামে ১৯৭১-৭২ সালে একটি প্রাথমিক বালিকা বিদ্যালয় স্থাপন করা হয়। বিদ্যালয়ের পরিচালনা কমিটি এতে ৪ জন শিক্ষককে নিয়োগপত্র দেন। বাংলাদেশ সরকার ১-৭-৭৩ তারিখে স্কুলটিকে মঞ্জুরী দান করেন। এবং জেলা শিক্ষা পরিদর্শক সাহেব সরকারীভাবে স্কুলের ৩ জন শিক্ষককে নিয়োগপত্র দেন। কিন্তু ৪র্থ শিক্ষককে সরকারীভাবে কোন নিয়োগপত্র দেয়া হয়নি। এ ব্যাপারে স্থানীয় থানা ও জেলা শিক্ষা অফিসার সাহেব জনশিক্ষা পরিচালকের অফিসে চিঠি লেখেন। ১৭-৯-৭৫ তারিখে জনশিক্ষা পরিচালকের অফিস থেকে স্থানীয় জেলা পরিদর্শক, প্রেরিত এক স্মারকে (৭২৪৭) চতুর্থ শিক্ষক মোঃ শাহ আলমকে জগদিশপুর বালিকা বিদ্যালয়ে কিভাবে নিয়োগ করা যেতে পারে সত্বর তা জানাবার জন্যে অনুরোধ করা হয়।

উত্তরে জেলা পরিদর্শক ২২-১১-৭৫ তারিখে জনশিক্ষা পরিচালকের নিকট জগদীশপুর বালিকা বিদ্যালয়ে উক্ত মোহাম্মদ শাহ আলমকে ৪র্থ শিক্ষক হিসাবে নিয়োগদানের জন্যে সুপারিশ করেন। কিন্তু দীর্ঘদিন অতিবাহিত হয়ে চললো, অদ্যাবধি জনশিক্ষা পরিচালক সাহেব এ সুপা-